



তথ্যবিবরণী

নম্বর-০১৩

পাবনার শিক্ষা অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

রাজশাহী; ৩০আষাঢ় (১৪ জুলাই):

দেশের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ, বিদ্যমান ভবনগুলোর সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ, মেরামত ও সংস্কার এবং আসবাবপত্র সরবরাহের দায়িত্ব অর্পিত আছে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপর। এ দায়িত্ব পালনের মাধ্যমে পাবনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর জেলার শিক্ষা অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য আধুনিক ও উন্নত পরিবেশে পাঠ গ্রহণের সুযোগ সৃষ্টি করে দিয়েছে। গত ২০২৩-২৪ অর্থবছরে সরকারি এ দপ্তর মোট ৬ টি প্রকল্পের আওতায় ৭৪ কোটি ৮৭ লক্ষ ৬২ হাজার টাকা ব্যয়ে প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ৪০টি ভবন ও ৩২৯টি শ্রেণিকক্ষ নির্মাণ করেছে। পাবনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রায় ৭৪৭ কোটি ৫৮ লক্ষ ৩৪ হাজার টাকা ব্যয়ে বিগত ১০ বছরে ১৬টি প্রকল্পের আওতায় ৪৭১টি কাজ সম্পন্ন করেছে।

‘নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের আওতায় গত অর্থবছরে জেলার ৫০টি মাধ্যমিক বিদ্যালয়ে আইসিটি সুবিধাসহ আধুনিক স্থাপত্যশৈলীর নান্দনিক ভবন নির্মাণ সম্পন্ন করেছে ইইডি। এছাড়া ‘নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্পের মাধ্যমে জেলার ৫২ টি প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ সম্পন্ন হয়েছে। ফলে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি আর্থিকভাবে অনগ্রসর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকেও উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা সম্ভব হয়েছে। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ‘জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্র্যাজুয়েট কলেজের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে ২০১১-২০২০ সাল পর্যন্ত একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, ছাত্র ও ছাত্রীদের ১০০ শয্যা বিশিষ্ট পৃথক হোস্টেল ভবন নির্মাণসহ লাইব্রেরী ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। এছাড়াও ‘সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প’ এর মাধ্যমে ঈশ্বরদী উপজেলার ঈশ্বরদী সরকারি কলেজ ও সদর উপজেলার সরকারি শহীদ বুলবুল কলেজে একাডেমিক ভবন নির্মাণসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ অব্যাহত রেখেছে।

সরকার সাধারণ শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষায় গুরুত্বারোপ করেছে এবং এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাদ্রাসা শিক্ষায় ভর্তির হার ২০৩০ সালের মধ্যে ৪০ শতাংশে উন্নীত করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। ‘নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের অধীনে ইইডি, পাবনা বিগত অর্থবছরে ২৯ টি মাদ্রাসায় ৪ তলা বিশিষ্ট নতুন একাডেমিক ভবন নির্মাণ করেছে। এ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে মাদ্রাসা শিক্ষার গুণগত মান যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি উন্নত অবকাঠামো শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার বাড়াতে সহায়তা করেছে। দপ্তরের অন্যান্য প্রকল্পের মধ্যে রয়েছে ‘১০০ টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ(টিএসসি) স্থাপন’, ‘কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন ৬৪ টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সক্ষমতা বৃদ্ধি’, ‘তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন’, ‘সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইএসআইপি) এবং মাউশির অধীন অন্যান্য প্রকল্প।

‘শিক্ষা প্রতিষ্ঠানে আর কোনো জরাজীর্ণ ভবন থাকবে না’ - এই উদ্দেশ্যে কাজ করছে পাবনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। নির্মিত ভবনসমূহের প্রশস্ত শ্রেণি কক্ষ ও বারান্দায় পর্যাপ্ত আলো-বাতাসের সুবিধা থাকায় শিক্ষার্থীরা দীর্ঘসময় ধরে ক্লাসে মনোনিবেশ করতে পারছে। পাবনা ইইডি নির্মিত ভবনসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক টয়লেট ও র‍্যাম্প থাকায় নারী শিক্ষার্থীরা নিঃশঙ্কচিত্তে ক্লাস কার্যক্রমে অংশগ্রহণ করছে। দৃষ্টিমন্দন ঢালু ছাদের এই আধুনিক ভবনগুলোতে বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্যও পৃথক টয়লেট ও র‍্যাম্প রাখার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা কার্যক্রম নিশ্চিত করা হয়েছে। শিক্ষার

গুনগত মান বৃদ্ধি করতে ভবনগুলোর শ্রেণিকক্ষে শিক্ষা সহায়ক নতুন আসবাবপত্র সরবরাহ করেছে পাবনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত দৃষ্টিনন্দন, টেকসই ও পরিবেশবান্ধব শিক্ষা অবকাঠামো নির্মাণ করার মাধ্যমে পাবনা জেলায় শিক্ষা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে পাবনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

.....
তেহিদ/আরিফ/প্রদীপ/মাহবুব/২০২৪/১৬:৪০ ঘ.